# ডেঙ্গুতে একদিনে সর্বোচ্চ রোগী ভর্তি, এক শিশুর মৃত্যু



সংগৃহীত ছবি

দেশে গত ২৪ ঘণ্টায় ৬৬৫ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন, যা এ বছরের একদিনে সর্বোচ্চ সংখ্যা। এ সময় একজন ১৩ বছরের শিশুর মৃত্যু ঘটেছে। চলতি বছরে ডেঙ্গুতে আক্রান্ত হয়ে মোট ১৪৭ জনের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার (১৬ সেপ্টেম্বর) স্বাস্থ্য অধিদফতরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুম জানায়, গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে ৬৬৫ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন। আক্রান্ত শিশুটি ছেলে (১৩) এবং ঢাকা মেডিকেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছেন।

ভর্তি রোগীদের মধ্যে ঢাকা মহানগর হাসপাতালে ২২৪ জন, বরিশাল বিভাগে (সিটি করপোরেশন বাদে) ১৩৫ জন, ঢাকা বিভাগে ১২৫ জন, চট্টগ্রাম বিভাগে ৭৯ জন, খুলনা বিভাগে ৬৭ জন, ময়মনসিংহ বিভাগে ১৯ জন, রংপুর বিভাগে ১৪ জন এবং সিলেট বিভাগে ২ জন।

প্রতিবেদনে বলা হয়, চলতি বছর এখন পর্যন্ত ডেঙ্গুতে আক্রান্ত হয়ে ৩৭,২০৬ জন রোগী হাসপাতালে ভর্তি হয়েছেন এবং ১৪৭ জন মারা গেছেন। মারা যাওয়া রোগীর মধ্যে ৮১ জন পুরুষ ও ৬৬ জন নারী

LENS ASIA